Subject: Anthropology
Class note for GE-4 (4th Sem)
Unit IV: Prehistoric culture:
By - Dr. Som Prasad Giri

## Narmada culture :—


প্লাইস্টোসিন যুগের মাঝামাঝি সময় অর্থাৎ আনুমানিক 12 লক্ষ বছর আগে প্রত্নপ্রস্তর (palaeolithic) যুগের সূচনা হয়। Mindel হিমযুগের শেষ দিক থেকে শুরু করে Wurm হিমযুগের শেষ পর্যন্ত অর্থাৎ আনুমানিক 10 হাজার বছর আগে পর্যন্ত এই palaeolithic সংস্কৃতির অবস্থান ছিল। এই সংস্কৃতি তিনটি ভাগে বিভক্ত হয়—

1. Lower palaeolithic
2. middle palaeolithic
3. upper palaeolithic.

Palaeolithic সংস্কৃতিটি ইউরোপ, আফ্রিকা ও এশিয়া এই তিনটি মহাদেশে বিস্তার লাভ করেছিল। ইউরোপের মত ভারতের palaeolithic সংস্কৃতিকে তিনটি ভাগে ভাগ করা হয়—

1. Lower palaeolithic (core tool tradition)
2. middle palaeolithic (Flake tool tradition)
3. upper palaeolithic (Blade tool tradition)

নর্মদা সংস্কৃতি হল ভারতের palaeolithic যুগের একটি উল্লেখযোগ্য সংস্কৃতি, অর্থাৎ সংস্কৃতি যেখানে Lower palaeolithic ও middle palaeolithic এই দুই পর্যায়ের নিদর্শন আবিষ্কৃত হয়েছে। এই সংস্কৃতির উল্লেখযোগ্য site হল মহেশ্বর - যা নর্মদা নদীর তীরে অবস্থিত। এই সংস্কৃতির নিদর্শনগুলি সুবিন্যস্ত ভাবে ~~স্তরে~~ আবিষ্কৃত হয়েছে।




আবিষ্কৃত নিদর্শনগুলি নিম্নে বর্ণনা করা হল—



Scanned by CamScanner

**স্তর-1:** Hand axe, chopper এবং flake হাতিয়ারগুলি এই স্তর থেকে পাওয়া গেছে। Hand axe গুলি Abbevelian সংস্কৃতির মত। Flake গুলিও clactonian শিল্পের ধরনের সমগোত্রীয়। বেশীর ভাগ হাতিয়ারই স্থূলাকৃতির নিম্নমানের ও অপরিষ্কার বর্তমান।

**স্তর-2:** Abbevelian ও Acheulian Hand axe পাওয়া গেছে। এছাড়া cleaver এবং flake পাওয়া গেছে। Flake গুলি Levalloisian শিল্পের রীতিতে তৈরী। এই পর্যায়ের হাতিয়ার আগের পর্যায় থেকে উন্নত।

**স্তর-3:** এই স্তর থেকে flake tool ও বিভিন্ন ধরনের scraper আবিষ্কৃত হয়েছে।

**স্তর-4:** এই স্তরের নিদর্শনগুলি আগের স্তরগুলির মত, কেবল এগুলি আরও উন্নত প্রকৃতির।

স্তর 1 ও 2 কে একত্রে বলা হয়েছে Lower Narmada Group এবং নিদর্শনের ভিত্তিতে দুটিকে Lower Palaeolithic সংস্কৃতির অন্তর্ভুক্ত করা হয়েছে।

স্তর 3 এবং 4-কে একত্রে বলা হয়েছে Upper Narmada Group এবং নিদর্শনের ভিত্তিতে এই দুটিকে Middle palaeolithic সংস্কৃতির অন্তর্ভুক্ত করা হয়েছে।

ভারতবর্ষে শুধু নর্মদা থেকেই palaeolithic যুগের জীবাশ্ম আবিষ্কৃত হয়েছে - যা অন্যান্য স্থানে অনুপস্থিত। তবে জীবাশ্মটি সম্পূর্ণ নয়। কেবলমাত্র মাথাটির উপরের অংশ আবিষ্কৃত হয়েছে। এই জীবাশ্মটি আবিষ্কার করেন প্রত্নতত্ত্ববিদ Sonakia - জীবাশ্মটির নামকরণ করা হয়েছে Homo erectus narmadensis.

Flake tool industry of India

# Sohan Culture (6) and Mesolithic in India

X 04

Give a brief description of 'Sohan-Culture' in India.

Lower Paleolithic

প্লাইস্টোসিন যুগের মাঝামাঝি সময়ে অর্থাৎ 12 লক্ষ বছর আগে প্রত্ন প্রস্তর (Palaeolithic) যুগের সূচনা হয়, মিন্ডেল হিমযুগ থেকে শুরু করে উর্ম্ হিমযুগের প্রায় শেষ পর্যন্ত অর্থাৎ আজ থেকে প্রায় 10 হাজার বছর আগে পর্যন্ত এই প্রত্ন প্রস্তর (Palaeolithic) যুগের সময়সীমা ছিল। এই প্রত্নপ্রস্তর যুগটি তিনটি পর্যায়ে বিভক্ত—

i) নিম্ন প্রত্নপ্রস্তর (Lower Palaeolithic)

ii) মধ্য প্রত্ন প্রস্তর (Middle Palaeolithic)

iii) উচ্চ প্রত্ন প্রস্তর (Upper Palaeolithic)

Palaeolithic সংস্কৃতিটি এশিয়া, আফ্রিকা ও ইউরোপ এই তিন মহাদেশেই বিস্তার লাভ করেছিল। ভারতে এই সংস্কৃতির বহু নিদর্শন পাওয়া গেছে, কিন্তু কোন জীবাশ্ম পাওয়া যায় নি, কেবলমাত্র নর্মদা থেকে একটি করোটির উপরের অংশ আবিষ্কৃত হয়েছে, যার নামকরণ করা হয়েছে হোমো ইরেকটাস নর্মেদেনসিস, ইউরোপের বিভিন্ন অঞ্চল থেকে নিদর্শনগুলি স্তরীভূত অবস্থায় আবিষ্কৃত হয়েছে কিন্তু ভারতে আবিষ্কৃত নিদর্শনগুলি বেশীর ভাগই সুবিন্যস্ত স্তর থেকে পাওয়া যায় নি, ইউরোপের মত ভারতের Palaeolithic culture কে তিনটি পর্যায়ে ভাগ করা যায় —

i) Lower Palaeolithic (Core-tool tradition)

ii) Middle Palaeolithic (Flake-tool tradition)

iii) Upper Palaeolithic (Blade-tool tradition)

ভারতের Palaeolithic culture-এর কয়েকটি উল্লেখযোগ্য সংস্কৃতি হল - সোহান সংস্কৃতি, মাদ্রাজ সংস্কৃতি, নর্মদা সংস্কৃতি, নেভাসার সংস্কৃতি প্রভৃতি। নিম্নে সোহান সংস্কৃতি সম্বন্ধে আলোচনা করা হল—

সোহান সংস্কৃতি ভারতের প্রত্ন প্রস্তর যুগের একটি উল্লেখযোগ্য সংস্কৃতি, সিন্ধু নদের উপনদী সোহানের নামানুসারে এই সংস্কৃতির নামকরণ করা হয়েছে, বর্তমানে পাকিস্তানের অন্তর্গত রাওয়ালপিন্ডি অঞ্চলে সোহান নদীর বিভিন্ন ধাপ থেকে আবিষ্কৃত হাতিয়ারের উপর ভিত্তি করে সোহান সংস্কৃতির পুনর্নির্মাণ করা হয়েছে,




Scanned by CamScanner

সোহান সংস্কৃতি থেকে Lower Palaeolithic ও Middle Palaeolithic - এই দুই পর্যায়েরই নিদর্শন আবিষ্কৃত হয়েছে, তবে Upper Palaeolithic পর্যায়ের কোন নিদর্শন সোহান সংস্কৃতি থেকে পাওয়া যায় নি, সোহান সংস্কৃতির নির্মাতাদের কোন জীবাশ্ম পাওয়া যায় নি, তবে একথা ধারনা করা যায় যে Lower Palaeolithic পর্যায়ে সোহান সংস্কৃতির নির্মাতা ছিল Homo erectus এবং Middle Palaeolithic পর্যায়ে সোহান সংস্কৃতির নির্মাতা ছিল - Homo sapiens neanderthalensis,

De. Terra এবং Paterson হলেন সোহান সংস্কৃতির আবিষ্কারক, তারা বিভিন্ন হাতিয়ারের ভিত্তিতে সোহান সংস্কৃতিকে চারটি পর্যায়ে বিভক্ত করেছেন, চৌন্ত্রা নামক Site এ নদীর তীরে যে টেরাসগুলি পাওয়া গিয়েছিল সেই টেরাসগুলি এবং টেরাসে প্রাপ্ত বিভিন্ন নিদর্শনগুলো চর্চা করে তাঁরা এই বিভাজন করেন। চারটি পর্যায়ের নামকরন করা হয়েছিল —

i) Pre-Sohan (প্রাক সোহান)
ii) Early-sohan (আদি-সোহান)
iii) Late Sohan (পরবর্তী-সোহান)
iv) Evolved-Sohan (উন্নত-সোহান)




i) Pre-sohan ($T_1$):

ভারতে আবিষ্কৃত সবচেয়ে প্রাচীন হাতিয়ারগুলি এই পর্যায়ে তৈরী, হাতিয়ারগুলি বড়, ভারী ও জীর্ন, উল্লেখযোগ্য হাতিয়ার - Chopper ও chopping tool, বড় বড় নুড়িপাথর থেকে পরিকল্পনাহীন ভাবে চোকলা তুলে হাতিয়ারগুলি নির্মান করা হয়েছে, অত্যন্ত নুড়িকে আগে থেকে প্রস্তুত করে



Scanned by CamScanner

দেওয়া হয় নি, আঘাত মসৃণ ও প্রবীন চোকলা তল স্থূলকোণে বিন্যস্ত, পৃষ্ঠতলের অনেক ক্ষেত্রে নুড়ি পাথরের আদি ত্বক বর্তমান, এই হাতিয়ারগুলি 'বোল্ডার কনগ্লোমারেট' (Boulder - Conglomerate) স্তরের উপর থেকে পাওয়া গেছে। এই পর্যায়টির নিদর্শন পটোয়ার উপত্যকার রাওয়াল পিন্ডি, মলাকপুর, চৌন্তর, ও চৌমুখ কাল্লার প্রভৃতি অঞ্চল থেকে আবিষ্কৃত হয়েছে।

ii) Early - Sohan ($T_2$):

প্রাচীনত্ব ও নির্মান পদ্ধতির বিচারে এই পর্যায়টিকে তিনটি উপপর্যায়ে বিভক্ত করা হয়েছে—

ⓐ Early-Sohan-A:

এই উপপর্যায়ের হাতিয়ারগুলি পুরু মলিনতায় আবৃত এবং বিশেষ ক্ষয়প্রাপ্ত।

ⓑ Early-Sohan-B:

এই উপপর্যায়ের হাতিয়ারগুলি মলিনতা পূর্ন কিন্তু ক্ষয়প্রাপ্ত নয়।

ⓒ Early-Sohan-C:

এই উপপর্যায়ের হাতিয়ারগুলি সম্পূর্ন অক্ষত এবং মলিনতা বিহীন।

এই তিনটি উপপর্যায় মিলিয়ে যে সমস্ত উল্লেখযোগ্য হাতিয়ারগুলি পাওয়া গেছে তা হল - Core tool এবং Flake tool। Core tool গুলি হল - Chopper ও Chopping tool, Hand-axe, Cleaver, Scraper, Chopper গুলির কোন কোনটির একদিক থেকে ও কোন কোনটির দুদিক থেকেই চোকলা তোলা হয়েছে। Hand-axe গুলি অনেকটা ইউরোপের Abbevellian ও Acheulian শিল্পের মত, Cleaver গুলি বড়, মসৃন ও ক্ষয়প্রাপ্ত। Flake tool গুলি Clactonian ও Levalloisian শিল্পের রীতায় তৈরী। এই পর্যায়ের নিদর্শন চৌন্তরা, খাসালাবালায়, আডিয়ালা প্রভৃতি স্থান থেকে আবিষ্কৃত হয়েছে।

iii) Late Sohan ($T_3$):

প্রাচীনত্ব ও নির্মান পদ্ধতির বিচারে এই পর্যায়টিকে দুটি ভাগে ভাগ করা যায়,— Late-Sohan-A ও Late-Sohan-B

ⓐ Late-sohan-A:

এই উপপর্যায়ের হাতিয়ারগুলি পটোয়ারের বালি মাটি স্তরে পাওয়া গিয়েছে। পূর্ববর্তী পর্যায় থেকে এই



Scanned by CamScanner

উপপর্যায়ের হাতিয়ারগুলি অনেক উন্নত, প্রধান হাতিয়ার- Chopper, Chopping tool, Hand-axe, cleaver, Scraper আর Flake tool। Flake tool ও Scraperগুলি Levalloisian শিল্পের ধারায় তৈরী,

(b) Late Sohan-B :

এই উপপর্যায়টি পটোয়ারের বালিমাটির উপরের স্তর থেকে পাওয়া গেছে, হাতিয়ারগুলি Core এবং Flake এর উপর তৈরী, Core tool-এর মধ্যে উল্লেখযোগ্য হল- Chopper, Chopping tool, Hand-axe, cleaver, Flake tool গুলিতে Levalliosian শিল্পের ছাপ সুস্পষ্ট,

এই দুটি উপপর্যায় বিশাল অঞ্চল জুড়ে বিস্তৃত ছিল -- পটোয়ারের বিভিন্ন স্থানে এমনকি সিমলাতেও এই পর্যায়টি বিস্তার লাভ করেছিল;

প্রাক-সোহান, আদি-সোহান ও পরবর্তী সোহান- এই তিনটি পর্যায়ের নিদর্শনগুলিকে বিচার করে এই তিনটি পর্যায়কে Lower Palaeolithic সংস্কৃতির অন্তর্গত করা হয়েছে,

$T_4$ - ধাপে কোন হাতিয়ার আবিষ্কৃত হয় নি,

iv) Evolved-Sohan ($T_5$):

এই পর্যায়ের নিদর্শনগুলিকে বিশ্লেষণ করে পর্যায়টিকে Middle Palaeolithic Culture-এর অন্তর্গত করা হয়েছে। এই পর্যায়ের হাতিয়ারগুলি আগের পর্যায়ের মতই - chopper, chopping tool, Hand-axe, cleaver, Scraper ও Flake tool, কেবলমাত্র হাতিয়ারগুলি আগের পর্যায়ের তুলনায় আকৃতিতে ছোট এবং উন্নত পদ্ধতিতে তৈরী। Flake tool গুলিতে লেভালয়সিয়ান এবং মুস্তেরীয়ান শিল্পের ছাপ সুস্পষ্ট, Hand-axe গুলিতে অ্যাশুলিয়ান শিল্পের ছাপ দেখা যায়,

সমগ্র সোহান সংস্কৃতিতে chopper ও chopping tool-এর সংখ্যা সবচেয়ে বেশী, Hand-axe এর সংখ্যাও যথেষ্ট যদিও or chopper-এর তুলনায় কম, Flake tool-ও অনেকাংশে উল্লেখযোগ্য হাতিয়ার — যা ভারতের Lower Palaeolithic যুগের অন্যান্য সংস্কৃতিতে পাওয়া যায় নি, Core-এ নির্মিত হাতিয়ারগুলির মধ্যে দক্ষিণ পশ্চিম এশিয়ার প্রত্নপ্রস্তর যুগের হাতিয়ারের যথেষ্ট মিল পাওয়া যায়, তেমনি- Flake-এ নির্মিত



Scanned by CamScanner

হাতিয়ারের সঙ্গে ইউরোপের প্রত্ন প্রস্তর যুগের হাতিয়ারের মিল পাওয়া যায়। প্রত্নবিজ্ঞানী 'Movius' সোহান সংস্কৃতিকে - বার্মার অ্যানিয়াথিয়ান, মালয়ের টাম্পানিয়ান, জাভার পার্টিজিটানিয়ান, চীনের চকুটিয়ান প্রভৃতি সংস্কৃতির সঙ্গে একই পর্যায়ে স্থান দিয়েছেন ॥

The End



Scanned by CamScanner